# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৬২

১/ বিবিধ

আরবী

مثل أصحابي في أمتي كالملح في الطعام، لا يصلح الطعام إلا بالملح
ضعيف

رواه ابن المبارك في " الزهد " (181 / 2 من الكواكب 575 رقم 572 طبع الهند) والبزار (3 / 291 - الكشف) والبغوي في " شرح السنة " (158 / 2) والقضاعي (109 / 2) وأبو القاسم الحلبي في " حديثه " (3 / 1) عن
إسماعيل المكي عن الحسن عن أنس مرفوعا. وزادوا: قال الحسن: فقد ذهب ملحنا فكيف نصنع؟
قلت: وهذا إسناد ضعيف، من أجل المكي هذا، وعنعنة البصري. ورواه أبو يعلى، والبزار كما في " بذل النصح والشفقة للتعريف بصحبة السيد ورقة " (11 / 1) وقال:
" وقال شيخنا الحافظ شهاب الدين البوصيري: وله شاهد من حديث سمرة بن جندب رضي الله عنه رواه البزار في مسنده والطبراني في معجمه
قلت: وقال الهيثمي (10 / 18) : " وإسناد الطبراني حسن "! كذا قال، وفيه جعفر بن سعد، وهو ضعيف، عن خبيب بن سليمان، وهو مجهول، عن سليمان بن سمرة، وهو مجهول الحال
والحديث أورده السيوطي من رواية أبي يعلى فقط، وقال المناوي: " رمز المصنف لحسنه، وهو غير حسن، قال الهيثمي: فيه إسماعيل بن مسلم وهو ضعيف
والحديث رواه أبو طاهر عمر بن شعيب النسوي (وفي نسخة الدستوائي قلت: أوهو

خطأ) عن علي بن الحسن بن شقيق، وسلمة بن سليمان، وعبدان عن ابن المبارك عن سالم المكي عن الحسن به. قال ابن أبي حاتم (2 / 354) : " قال أبي: هذا خطأ، إنما هو إسماعيل بن مسلم المكي عن الحسن عن أنس عن النبي صلى الله عليه وسلم، وأخطأ فيه أبو الطاهر ". قلت: وهو صدوق كما قال ابن أبي حاتم في " الجرح " (1 / 1 / 419 ـ 420) ، فروايته شاذة

বাংলা

১৭৬২। আমার উম্মাতের মধ্যে আমার সাথীদের উদাহরণ হচ্ছে খাদ্যের মধ্যে লবণের মত। খাদ্য তো লবণ ছাড়া পরিশুদ্ধ হয় না।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনুল মুবারাক “আযযুহুদ” গ্রন্থে (২/১৮১) কাওয়াকিব হতে ৫৭৫ নং ৫৭২), বাযযার (৩/২৯১), বাগাবী "শারহুস সুন্নাহ" গ্রন্থে (২/১৫৮), কাযাঈ (২/১০৯) ও আবুল কাসেম হালাবী তার “হাদীস” গ্রন্থে (৩/১) ইসমাঈল মাক্কী হতে, তিনি হাসান হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। তারা বৃদ্ধি করেছেন যে, হাসান বলেনঃ আমাদের লবণ চলে গেছে। অতএব আমরা কি করব?

আমি (আলবানী) বলছিঃ বর্ণনাকারী এ মাক্কীর কারণে এবং হাসান বাসরী কর্তৃক আন আন করে বর্ণিত হওয়ার কারণে সনদটি দুর্বল।

হাদীসটিকে আবু ইয়ালা ও বাযযার বর্ণনা করেছেন যেমনটি "বাযলুন নুসহী আশশাকাতি লিততা’রীফ বি সুহবাতিস সাইয়্যিদ আরাকাহ" গ্রন্থে (১/১১) এসেছে। বাযযার বলেনঃ আমাদের শাইখ হাফিয শিহাবুদ্দীন বূসইরী বলেনঃ তার একটি শাহেদ রয়েছে সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)-এর হাদীস হতে, এটিকে বাযযার তার “মুসনাদ’ গ্রন্থে আর ত্বাবারানী তার “মুজাম” গ্রন্থে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাইসামী (১০/১৮) বলেনঃ ত্বাবারানীর সনদটি হাসান। তিনি এরূপই বলেছেন। অথচ এর সনদে জা’ফার ইবনু সা’দ রয়েছেন যিনি দুর্বল। আর তিনি খুবাইব ইবনু সুলাইমান হতে বর্ণনা করেছেন ইনি মাজহুল। আর তিনি সুলাইমান ইবনু সামুরাহ হতে বর্ণনা করেছেন ইনি মাজহুলুল হাল (এর অবস্থা সম্পর্কে জানা যায় না)।

হাদীসটিকে সুয়ূতী শুধুমাত্র আবু ইয়ালার বর্ণনা হতে বর্ণনা করেছেন। আর মানবী বলেছেনঃ তিনি হাদীসটির হাসান হওয়ার আলামাত ব্যবহার করেছেন, অথচ এটি হাসান নয়। হাইসামী বলেনঃ ইসমাঈল ইবনু মুসলিম হচ্ছেন দুর্বল।

হাদীসটিকে আবু তাহের উমর ইবনু শুয়াইব নাসাবী- আলী ইবনুল হাসান ইবনু শাকীক হতে, তিনি সালামাহ্ ইবনু সুলাইমান এবং আব্দান হতে, তিনি ইবনুল মুবারাক হতে, তিনি সালেম মাক্কী হতে, তিনি হাসান হতে বর্ণনা করেছেন।

ইবনু আবী হাতিম (২/৩৫৪) বলেনঃ আমার পিতা বলেনঃ এটি ভুল। তিনি হচ্ছেন ইসমাইল ইবনু মুসলিম মাক্কী, তিনি হাসান বাসরী হতে, তিনি আনাস (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তার ব্যাপারে আবু তাহের ভুল করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি সত্যবাদী যেমনটি ইবনু আবী হাতিম "আলজারহু" গ্রন্থে (১/১/৪১৯-৪২০) বলেছেন। তবে তার বর্ণনা শায ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72645

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন